

**গোসাইরহাট শামসুর রহমান কলেজ
 এইচএসসির ফরম পূরণে
 গলা কাটা ফি আদায়
 বিচ্ছিন্ন শিক্ষার্থীদের কলেজে তাল**

প্রতিনিধি, শরীয়তপুর

শরীয়তপুরের গোসাইরহাটে শামসুর রহমান কলেজে এইচএসসি পরীক্ষার ফরম পূরণে মহাজিরিত ফি নেয়ার প্রতিবাদে গতকাল দুপুরে কলেজ অ্যাম্পাসে বিক্ষোভ করেছে কলেজের ৫ শতাধিক পরীক্ষার্থী। সরকার নির্ধারিত ১ হাজার ৩২০ টাকার ফরম পূরণের ক্ষেত্রে ৫ হাজার থেকে ৮ হাজার টাকা ধার্য করার এইচএসসি পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের পাশাপাশি সাধারণ ছাত্রছাত্রীরাও বিক্ষুব্ধ হয়ে উঠেছে। ফরম পূরণের ফি কমানোর দাবিতে বিচ্ছিন্ন শিক্ষার্থীরা এক পর্যায়ে কলেজের একাডেমিক ভবনে তাল তুলিয়ে দেয় এবং কলেজের অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষকদের অবরুদ্ধ করে রাখে। পরে গোসাইরহাট থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

কলেজের শিক্ষার্থীদের সূত্রে জানা গেছে, জেলায় গোসাইরহাট উপজেলার একমাত্র কলেজ শামসুর রহমান ডিগ্রি কলেজে মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান শাখা থেকে ৭২৫ জন শিক্ষার্থীর ২০১৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণের কাজ চলছে। এতে সরকারের নিয়ম অনুযায়ী টাকা শিক্ষা বোর্ড প্রতিজন শিক্ষার্থীর কাছ থেকে ১ হাজার ১০০ থেকে ১ হাজার ৩২০ টাকা ফি ধার্য করেছে। কিন্তু কলেজ কর্তৃপক্ষ দারিদ্র্য পীড়িত এই অঞ্চলের শিক্ষার্থীদের কাছ থেকে আদায় করছেন ৫ থেকে ৮ হাজার টাকা।

শামসুর রহমান কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ দিলীপ কুমার হালদার বলেন, কলেজ ব্যবস্থাপনা কমিটির সভাপতি, শামসুর রহমানের ঢাকার অফিসে বসে তার নির্দেশে এ ফি ধার্য করা হয়েছে। তিনি কোন পরীক্ষার্থীর কাছ থেকে টাকা কম নিতে ব্যর্থ হয়েছেন। এখানে আমি অসহায়। ব্যবস্থাপনা কমিটির সভাপতি শামসুর রহমান শাহজাদা মিয়া বলেন, আমরা আগামী বছর থেকে যৌক্তিক হারে পরীক্ষার ফি ধার্য করার চেষ্টা করব। শরীয়তপুর জেলা প্রশাসক রশিদ চন্দ্র দাস বলেন, শামসুর রহমান কলেজে এইচএসসি পরীক্ষার অতিরিক্ত ফি আদায়ের কথা ওঠেনি। জেলা শিক্ষা কর্মকর্তা ও অতিরিক্ত জেলা প্রশাসককে দায়িত্ব দেয়া হয়েছে এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য।